# মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল-১৯০২

## নিয়োগ বিজ্ঞপ্তি

সূত্রঃ মাভাবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন-২/এ-১২(পার্ট-০১)/১০৩৯

তারিখঃ ১১ জ্যৈষ্ঠ ১৪২৯ / ২৫ মে ২০২২

বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ নিম্নোল্লিখিত পদগুলো পূরণের জন্য যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্র. নং | বিভাগের নাম | পদের নাম ও সংখ্যা |
|---|---|---|
| ০১. | ফার্মেসী বিভাগ | সহযোগী অধ্যাপক ০২টি (স্থায়ী), সহকারী অধ্যাপক/প্রভাষক ০১টি (স্থায়ী), প্রভাষক ০৩টি (স্থায়ী) |
| ০২. | ফুড টেকনোলজি এন্ড নিউট্রিশনাল সায়েন্স বিভাগ | সহযোগী অধ্যাপক ০১টি (স্থায়ী) |
| ০৩ | অর্থনীতি বিভাগ | সহযোগী অধ্যাপক ০১টি (স্থায়ী), প্রভাষক ০৫টি (স্থায়ী) |
| ০৪. | পরিসংখ্যান বিভাগ | অধ্যাপক ০১টি (স্থায়ী), সহযোগী অধ্যাপক ০৩টি (স্থায়ী), প্রভাষক ০৫টি (স্থায়ী) |
| ০৫. | বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি বিভাগ | অধ্যাপক ০১টি (স্থায়ী), সহকারী অধ্যাপক ০১টি (স্থায়ী), প্রভাষক ০৩টি (স্থায়ী) |
| ০৬. | ক্রিমিনোলজি এন্ড পুলিশ সায়েন্স বিভাগ | অধ্যাপক ০১টি (স্থায়ী), সহযোগী অধ্যাপক ০৩টি (স্থায়ী), প্রভাষক ০১টি (স্থায়ী) |
| ০৭. | ব্যবস্থাপনা বিভাগ | সহযোগী অধ্যাপক (মার্কেটিং বিষয়ে) ০১টি (স্থায়ী) |
| ০৮. | হিসাববিজ্ঞান বিভাগ | সহযোগী অধ্যাপক (ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিষয়ে) ০১টি (স্থায়ী) |
| ০৯. | পদার্থবিজ্ঞান বিভাগ | সহযোগী অধ্যাপক ০১টি (স্থায়ী) |

**বেতন স্কেল:**
অধ্যাপক- টাকা ৫৬৫০০-৭৪৪০০/-
সহযোগী অধ্যাপক- টাকা ৫০০০০-৭১২০০/-
সহকারী অধ্যাপক- ৩৫৫০০-৬৭০১০/-
প্রভাষক- টাকা ২২০০০-৫৩০৬০/-

### প্রয়োজনীয় যোগ্যতা ও শর্তাবলীঃ

**অধ্যাপকঃ**

ক) **পিএইচ.ডি. ডিগ্রিধারীদের ক্ষেত্রে:**
পাবলিক বিশ্ববিদ্যালয়ে সহযোগী অধ্যাপক হিসেবে কমপক্ষে ০৪ (চার) বছরের সক্রিয় অভিজ্ঞতাসহ সর্বমোট ১২ (বার) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা এবং সহযোগী অধ্যাপক হিসেবে কোন স্বীকৃত পিয়ার রিভিউড জার্নালে কমপক্ষে ০৫ (পাঁচ)টি প্রকাশনাসহ কমপক্ষে ১০ (দশ)টি প্রকাশনা থাকতে হবে।
অথবা

খ) **এম.ফিল./সমমান ডিগ্রিধারীদের ক্ষেত্রে:**
পাবলিক বিশ্ববিদ্যালয়ে সহযোগী অধ্যাপক হিসেবে কমপক্ষে ০৬ (ছয়) বছরের সক্রিয় অভিজ্ঞতাসহ সর্বমোট ১৫ (পনের) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা এবং সহযোগী অধ্যাপক হিসেবে কোন স্বীকৃত পিয়ার রিভিউড জার্নালে কমপক্ষে ০৫ (পাঁচ)টি প্রকাশনাসহ কমপক্ষে ১০ (দশ)টি প্রকাশনা থাকতে হবে।
অথবা

গ) **পিএইচ.ডি./এম.ফিল. ডিগ্রি নেই এমন প্রার্থীদের ক্ষেত্রে:**
পাবলিক বিশ্ববিদ্যালয়ে সহযোগী অধ্যাপক হিসেবে কমপক্ষে ০৮ (আট) বছরের সক্রিয় অভিজ্ঞতাসহ সর্বমোট ২০ (বিশ) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা এবং সহযোগী অধ্যাপক হিসেবে কোন স্বীকৃত পিয়ার রিভিউড জার্নালে কমপক্ষে ০৫(পাঁচ)টি প্রকাশনাসহ কমপক্ষে ১০ (দশ)টি প্রকাশনা থাকতে হবে।

* শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণী/সিজিপিএ-৩.২৫ বা এর নিচে গ্রহণযোগ্য নয়।

**সহযোগী অধ্যাপকঃ**

ক) **পিএইচ.ডি. ডিগ্রিধারীদের ক্ষেত্রে:**
পাবলিক বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক হিসেবে কমপক্ষে ০৪ (চার) বছরের সক্রিয় অভিজ্ঞতাসহ সর্বমোট ০৮ (আট) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা এবং সহকারী অধ্যাপক হিসেবে কোন স্বীকৃত পিয়ার রিভিউড জার্নালে কমপক্ষে ০৩ (তিন)টি প্রকাশনাসহ সর্বমোট ০৫ (পাঁচ)টি প্রকাশনা থাকতে হবে।
অথবা

খ) **এম.ফিল./সমমান ডিগ্রিধারীদের ক্ষেত্রে:**
পাবলিক বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক হিসেবে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের সক্রিয় অভিজ্ঞতাসহ সর্বমোট ১০ (দশ) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা এবং সহকারী অধ্যাপক হিসেবে কোন স্বীকৃত পিয়ার রিভিউড জার্নালে কমপক্ষে ০৩ (তিন)টি প্রকাশনাসহ সর্বমোট ০৫ (পাঁচ)টি প্রকাশনা থাকতে হবে।
অথবা

গ) **পিএইচ.ডি./এম.ফিল./সমমানের ডিগ্রি নেই এমন প্রার্থীদের ক্ষেত্রে:**
পাবলিক বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক হিসেবে কমপক্ষে ০৭ (সাত) বছরের সক্রিয় অভিজ্ঞতাসহ সর্বমোট ১২ (বার) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা এবং সহকারী অধ্যাপক হিসেবে কোন স্বীকৃত পিয়ার রিভিউড জার্নালে কমপক্ষে ০৩ (তিন)টি প্রকাশনাসহ সর্বমোট ০৫ (পাঁচ)টি প্রকাশনা থাকতে হবে।

* শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণী/সিজিপিএ-৩.২৫ বা এর নিচে গ্রহণযোগ্য নয়।

**সহকারী অধ্যাপকঃ**

ক) প্রার্থীর এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষার উভয়টিতে প্রথম বিভাগ/জিপিএ-৫.০০ স্কেলে ন্যূনতম জিপিএ ৪.০০ এবং জিপিএ ৪.০০ স্কেলে ন্যূনতম জিপিএ ৩.৫০ থাকতে হবে।

খ) প্রার্থীকে পাবলিক বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রিসহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। উভয় ক্ষেত্রেই প্রার্থীর প্রথম শ্রেণী/সিজিপিএ ৪.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকতে হবে।

**অভিজ্ঞতা ও প্রকাশনা ঃ**

ক) পিএইচ.ডি. ডিগ্রি থাকলে প্রার্থী সরাসরি সহকারী অধ্যাপক পদে আবেদনের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।
খ) এম.ফিল. ডিগ্রিধারী হলে পাবলিক বিশ্ববিদ্যালয়ে প্রভাষক হিসেবে ০২ (দুই) বছরের সক্রিয় অভিজ্ঞতা থাকতে হবে।
গ) পিএইচ.ডি. অথবা এম.ফিল. ডিগ্রি না থাকলে পাবলিক বিশ্ববিদ্যালয়ে প্রভাষক হিসেবে ০৩ (তিন) বছরের সক্রিয় অভিজ্ঞতা থাকতে হবে।
ঘ) দেশী/বিদেশী স্বীকৃত জার্নালে ০১ (এক)টি প্রকাশনা/স্বীকৃত মানের গ্রন্থ থাকতে হবে।
* শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণী/সিজিপিএ-৩.২৫ বা এর নিচে গ্রহণযোগ্য নয়।

**প্রভাষকঃ**

ক) প্রার্থীর এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষার উভয়টিতে প্রথম বিভাগ/জিপিএ-৫.০০ স্কেলে ন্যূনতম জিপিএ ৪.০০ এবং জিপিএ ৪.০০ স্কেলে ন্যূনতম জিপিএ ৩.৫০ থাকতে হবে (চতুর্থ বিষয়সহ)।
খ) প্রার্থীকে পাবলিক বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রিসহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। উভয় ক্ষেত্রেই প্রার্থীর প্রথম শ্রেণী/সিজিপিএ ৪.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকতে হবে।
* পিএইচ.ডি. ডিগ্রিধারী প্রার্থীর ক্ষেত্রে যে কোন একটি শর্ত শিথিলযোগ্য।
* শিক্ষা জীবনে কোন স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণী/সিজিপিএ ৫.০০ স্কেলে সিজিপিএ ৩.৫০/ সিজিপিএ ৪.০০ স্কেলে সিজিপিএ ৩.২৫ বা এর নিচে গ্রহণযোগ্য নয়।
* অর্থনীতি বিভাগের ক্ষেত্রে প্রার্থীদের স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রীর যে কোন একটিতে প্রথম শ্রেণী/সিজিপিএ ৪.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকতে হবে।

**আবেদনের শর্তাবলীঃ**

* উপরোক্ত পদসমূহের নির্ধারিত যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণ এবং আবেদনপত্রের নির্ধারিত ফরম ব্যক্তিগতভাবে অথবা www.mbstu.ac.bd ওয়েবসাইট থেকে অথবা ১০/- (দশ) টাকার অব্যবহৃত ডাকটিকেটসহ নিজ ঠিকানা সম্বলিত খাম পাঠিয়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস হতে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে।
* অবশ্যই বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
* **"ভাইস-চ্যান্সেলর, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল-১৯০২"** এর অনুকূলে সোনালী ব্যাংক লিমিটেড, মাভাবিপ্রবি শাখা, সন্তোষ, টাঙ্গাইল এর উপর প্রদেয় দরখাস্ত ফি বাবদ সোনালী ব্যাংক লিমিটেড-এর যে কোন শাখা হতে ৮০০/- (আটশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য), প্রার্থীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি, মার্কসীট/ট্রান্সক্রিপ্ট, সার্টিফিকেট, গবেষণামূলক প্রকাশনার কপি, অভিজ্ঞতার প্রমাণপত্র, জাতীয় পরিচয়পত্র, চারিত্রিক সনদপত্রের সত্যায়িত অনুলিপি প্রত্যেক সেটের সাথে সংযুক্ত করতে হবে।
* বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে যে কোনো একটি শর্ত শিথিলযোগ্য।
* সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
* আগামী ১৯/০৬/২০২২ তারিখের মধ্যে ১০ (দশ) সেট আবেদন রেজিস্ট্রার, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল-১৯০২ বরাবর অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে।
* বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রী এবং সিজিপিএ এর ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক সমতা বিধানের Certificate আবেদনের সাথে জমা দিতে হবে।
* আবেদনে **স্থায়ী ও যোগাযোগের ঠিকানা এবং মোবাইল নম্বর** স্পষ্টভাবে লিখতে হবে। মোবাইল নম্বরে সাক্ষাৎকারের বিষয়টি এসএমএস এর মাধ্যমে জানানো হবে।
* অসম্পূর্ণ বা নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
* কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
* এ নিয়োগ বিজ্ঞপ্তি জারির কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদানে বাধ্য নন।
* **নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদ্বির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।**
* **গত ০৬/০৮/২০১৯ তারিখে মাভাবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন-২/এ-১২/এ-২১১/২৩৪২ নং স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে অর্থনীতি বিভাগে প্রভাষক পদে, গত ১৬/০৩/২০২১ তারিখে মাভাবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন-২/এ-১২(পার্ট-০১)/এ-১১৯/এ-১২০/৮২৯ নং স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে ফার্মেসী বিভাগে প্রভাষক পদে ও বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি বিভাগে সহকারী অধ্যাপক ও প্রভাষক পদে এবং গত ০২/১২/২০১৮ তারিখে মাভাবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন-২/এ-১২/৩১৮৫ নং স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে পরিসংখ্যান বিভাগে প্রভাষক পদে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।**

**ড. মোহাঃ তৌহিদুল ইসলাম**
রেজিস্ট্রার, মাভাবিপ্রবি।
ফোনঃ ০৯২১-৬২৪০১

সিটি-১৩৯৬/২২ (১৮″X৪)